

🗏 আল-ইনফিতার | Al-Infitar | ٱلْإِنْفِطَار

আয়াতঃ ৮২: ৭

🔰 আরবি মূল আয়াত:

الَّذِي خَلَقَكَ فَسَوَّىكَ فَعَدَلَكَ ﴿٧﴾

যিনি তোমাকে সৃষ্টি করেছেন অতঃপর তোমাকে সুসম করেছেন, তারপর তোমাকে সুসমঞ্জস করেছেন। — আল-বায়ান

যিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুঠাম করেছেন, অতঃপর তোমাকে করেছেন ভারসাম্যপূর্ণ। — তাইসিরুল

যিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুঠাম করেছেন এবং অতঃপর সুবিন্যস্ত করেছেন, — মুজিবুর রহমান

Who created you, proportioned you, and balanced you? — Sahih International

- ৭. যিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুঠাম করেছেন এবং সুসামঞ্জস্য করেছেন(১),
 - (১) অর্থাৎ মহান আল্লাহ তোমাকে এই পূর্ণাঙ্গ মানবিক আকৃতি দান করেছেন। তোমার সামনে সব রকমের প্রাণী রয়েছে, তাদের মোকাবিলায় তোমার সবচেয়ে সুন্দর শারীরিক কাঠামো এবং শ্রেষ্ঠ ও উন্নত শক্তি একেবারেই সুস্পষ্ট। অন্যত্র বলা হয়েছে, "অবশ্যই আমরা সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতম গঠনে"। [সূরা আত-তীন: 8] [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

- ৭। যিনি তোমাকে সৃষ্টি করেছেন, [1] অতঃপর তোমাকে সুঠাম করেছেন [2] এবং তারপর সুসমঞ্জস করেছেন। [3]
 - [1] অর্থাৎ, নিকৃষ্ট বীর্যবিন্দু থেকে, অথচ ইতিপূর্বে তোমার কোন অস্তিত্বই ছিল না।
 - [2] অর্থাৎ, তোমাকে একটি পূর্ণাঙ্গ মানবরূপে সৃষ্টি করেছেন। তুমি শ্রবণ করতে, দর্শন করতে এবং জ্ঞান-বুদ্ধি প্রয়োগ করতে পার।
 - [3] তোমাকে মাঝারি গড়নের, লম্বালম্বি সোজা, সুশ্রী ও সুদর্শনময় বানিয়েছেন। অথবা তোমার দুটি চোখ, দুটি কান, দুটি হাত, দুটি পা (এবং অন্য সকল অঙ্গকে) সুসমঞ্জস যথোপযুক্ত আকৃতি দান করেছেন। যদি তোমার এই অঙ্গ-প্রত্যঙ্গ সামঞ্জস্যময় না হত, তাহলে তোমার অস্তিত্বে সুশ্রীময়তা প্রকাশ না পেয়ে কুশ্রীময়তা প্রকাশ পেত।



এইরূপ সৃষ্টিকেই অন্য স্থানে 'আহসানে তাকবীম' (সুন্দরতম গঠন) বলে ব্যক্ত করা হয়েছে। لَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ (فِيْ أَحْسَنِ تَقُويْم)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5836

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন